গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

পানি সম্পদ মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | ২১ মার্চ ২০২৪ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন। | গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যবিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কিনা তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হ'ল। | প্রশাসন-০২ শ<br>পাসম। |
| ২. | Time bound প্রতিবেদন প্রেরণ। | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে মর্মে জানানো হয়। সভায় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রশাসন-০২ শ<br>পাসম। |
| ৩. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা। | সভায় জানানো হয় যে, বর্তমান হালনাগাদ তালিকা অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীরপ্রতিশ্রুত প্রকল্প ৫০টি। এ ৫০টি প্রকল্পের মধ্যে ৪০টি প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। সভায় অবশিষ্ট ১০টি প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিতকরণ এবং এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এঁর সভাপতিত্বে প্রতিমাসে অগ্রগতি পর্যালোচনা সভা অব্যাহত রাখার নিদেশনা প্রদান করা হয়। | মাননীয় প্রধানমন্ত্রীরপ্রতিশ্রুত অবশিষ্ট ১০টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিতকরণ এবং এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এঁর সভাপতিত্বে প্রতিমাসে অগ্রগতি পর্যালোচনা সভা অব্যাহত রাখতে হবে। | উন্নয়ন উইং,পা<br>বাপাউবো। |
| ৪. | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন বিষয়ে আলোচনা। | সভায় জানানো হয় যে, পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর মোট ২২টি নির্দেশনা রয়েছে এবং এই নির্দেশনাসমূহ বাস্তবায়ন ত্বরান্বিত করার প্রচেষ্টা অব্যাহত আছে। | পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর নিদেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিতকরণ এবং এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এঁর সভাপতিত্বে প্রতিমাসে অগ্রগতি পর্যালোচনা সভা অব্যাহত রাখতে হবে। | উন্নয়ন উইং<br>পরিকল্পনা উইং,<br>ও<br>বাপাউবো। |
| ৫. | জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি। | (ক) সভায় জেলা প্রশাসক সম্মেলন-২০২৩ এবং ২০১৮-২২ এর অনিষ্পন্ন/বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং আসন্ন জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত অনিষ্পন্ন/বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত করতে হবে।<br>(খ) জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ এ পানি সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট যেসকল প্রস্তাবনা রয়েছে সেগুলো পর্যালোচনা করে অতিগুরুত্বপূর্ণ, গুরুত্বপূর্ণ ও কম গুরুত্বপূর্ণ ক্যাটাগরিতে ভাগ করে যেগুলোর বাস্তবায়ন যুক্তিযুক্ত সেগুলো দ্রুত বাস্তবায়নে পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং যেগুলো বাস্তবায়ন জরুরি নয় সেগুলোর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগকে জানাতে হবে। | পরিবীক্ষণ ও<br>বাস্তবায়ন।<br>মহাপরিচাল<br>বাপাউবো। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | বার্ষিক কার্য সম্পাদন চুক্তি। | সভায় ২০২২-২৩ সালের এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করার জন্য নীতমালা অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্য এপিএতে অন্তভুক্ত এবং প্রমাণকসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে পেরণ নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন অগ্রগতিনিশ্চিত করার জন্য নীতমালা অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্য এপিএতে অন্তভুক্ত এবং প্রমাণকসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (ক) প্রোগ্রামার, ও সংশ্লিষ্ট সং (খ) বাপাউবো সংশ্লিষ্ট ফোক পয়েন্ট কর্মকর্তা পরিবীক্ষণ ও বাস্ত শাখা পাসম (গ) বাপাউবো পরিবীক্ষণ ও বাস্ত শাখা পাসম |
| ৭. | মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ এবং অন্যান্য আইসিটি বিষয়ক কার্যক্রম। | (ক) সভায় মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখায় ই-নথি কার্যক্রমের নিম্নবর্ণিত তথ্য উপস্থাপন করা হয়:<br>**০১ ফেব্রুয়ারি - ২৯ ফেব্রুয়ারি ২০২৪** সময়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা ৯৮.২৫%, প্রশাসন-২ শাখা ৯৬.৪৯%, প্রশাসন-৩ শাখা ৯৬.৯৬%, উন্নয়ন- ১ শাখা ১০০%, উন্নয়ন- ২ শাখা ১০০%, উন্নয়ন- ৩ শাখা ১০০%, উন্নয়ন- ৪ শাখা ১০০%, উন্নয়ন- ৫ শাখা ৯৬%, পরিকল্পনা-১ শাখা ১০০%, পরিকল্পনা-২ শাখা ১০০%, পরিকল্পনা-৩ শাখা ১০০%, পরিকল্পনা-৪ শাখা ১০০%, পরিকল্পনা-৫ শাখা ১০০%, পরিকল্পনা-৬ শাখা ১০০%, আরএমপিআর শাখা ১০০%, পরিবীক্ষণ ও বাস্তাবায়ন-১ শাখা ১০০%, আইসিটি শাখা ১০০%, অডিট শাখা ১০০%, আইন শাখা ১০০%, বাজেট শাখা ১০০% ই-নথিতে নোট নিস্পন্ন করেছে। উক্ত সময়ে **এ মন্ত্রণালয়েরসকল শাখার ই-নথিতে মোট নিষ্পত্তির গড় ৯৯.৩৮%।**<br>(খ) সভায় সংস্থাসমূহের মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদের রিপোর্ট প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>(গ) সভায় জানানো হয় যে, মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলী, তত্ত্বাবাধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীগণের দপ্তরসমূহের তথ্য বাতায়ন Update নেই। আগামী সমন্বয় সভার পূর্বে মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) আগামী সমন্বয় থেকে মন্ত্রণালয়ের পাশাপাশি সংস্থাসমূহে ই-নথির মাধ্যমে সম্পাদিত কার্যক্রমের তুলনামূলক চিত্র উপস্থাপন করতে হবে।<br>(খ) সংস্থাসমূহের মাঠ পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।<br>(গ) মাঠ পর্যায়ের প্রধান প্রকৌশলী, তত্ত্বাবাধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীগণের দপ্তরসমূহের তথ্য বাতায়ন হালনাগাদ করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সকল সংস্থ প্রধান/সকল অধিশাখা/শাখা, আইসিটি শাখা, প |
| ৮. | সংস্থাসমূহের শূন্য পদ সংক্রান্ত তথ্য, শূন্য পদ পূরণ ও মাসিক সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ। | সভায় সংস্থাসমূহে পদভিত্তিক শূন্য পদ ও শূন্য পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সংস্থাভিত্তিক শূন্য পদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রমের তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ছাড়পত্রের মেয়াদের মধ্যে শূন্যপদ পূরনের কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাসমূহের শূন্য পদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম অগ্রগতির তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন (ছাড়পত্র গ্রহণ, লিখিত পরীক্ষা গ্রহণ, মৌখিক পরীক্ষা গ্রহণ, যোগদানপত্র ইস্যু ইত্যাদি) প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রশাসন-২ শাখ সকল সংস্থ |
| ৯. | মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিস্পন্ন বিষয়াদি। | সভায় মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের অনিস্পন্ন কার্যাবলি থাকলে সে সংক্রান্ত অনিস্পন্ন কার্যক্রম দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের নিকট সংস্থাসমূহের ০১ (এক) মাসের বেশি অনিস্পন্ন থাকা কার্যক্রমকে পেন্ডিং হিসেবে গণ্য করে তা কোন অধিশাখায়/শাখায় পেন্ডিং রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। অনিস্পন্ন বিষয়সমূহ দ্রুত নিস্পত্তি করতে হবে।<br>এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকুরি প্রবিধানমালা সংশোধন সংক্রান্ত পেন্ডিং প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা প্রশাসন-১ শা |
| ১০. | সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিস্পন্ন বিষয়াদি। | সভায় সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের অনিস্পন্ন কার্যাবলি থাকলে সে সংক্রান্ত অনিস্পন্ন কার্যক্রম দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাসমূহের নিকট মন্ত্রণালয়ের ০১ (এক) মাসের বেশি অনিস্পন্ন থাকা কার্যক্রমকে পেন্ডিং হিসেবে গণ্য করে তা কোন দপ্তরে পেন্ডিং রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। অনিস্পন্ন বিষয়সমূহ দ্রুত নিস্পত্তি করতে হবে। | সকল অধিশাখা/ পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | হাওড় অঞ্চল সুরক্ষা। | (ক) সভায় আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রাথমিক পর্যায়ে পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন হাওর কেন্দ্রিক প্রকল্পসমূহ নিয়ে একটি সমন্বিত Database তৈরির কাজ দ্রুত শেষ করার নির্দেশনা এবং অগ্রগতি প্রতি মাসের সমন্বয় সভায় আগে মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) সভায় জেলা প্রশাসকদের সাথে সমন্বয় করে অপরিকল্পিত বালু উত্তোলন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় এবং কোথাও বালু উত্তোলনের ফলে নদী তীর হুমকির সম্মুখীন হলে তা প্রতিবেদন আকারে জেলা প্রশাসক ও মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) সভায় এপ্রিল/২০২৪ মাসের মধ্যে হাওড় অঞ্চলের তথ্য Database এর কাজ সম্পন্ন করে তা মন্ত্রণালয়ে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়। | (ক) আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রাথমিক পর্যায়ে পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন হাওর কেন্দ্রিক প্রকল্পসমূহ নিয়ে হাওর অঞ্চলকে একটি সমন্বিত Database তৈরির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। অগ্রগতি প্রতি মাসের সমন্বয় সভায় আগে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) জেলা প্রশাসকদের সাথে সমন্বয় করে অপরিকল্পিত বালু উত্তোলন বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় এবং কোথাও বালু উত্তোলনের ফলে নদী তীর হুমকির সম্মুখীন হলে সে বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত করতে হবে এবং প্রয়োজনে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>(গ) এপ্রিল ২০২৪ এর মধ্যে হাওড় অঞ্চলের তথ্য Database এর কাজ সম্পন্ন করে মন্ত্রণালয়ে উপস্থাপন করতে হবে। | বাপাউবো ও<br>বাহাওজউঅ |
| ১২. | উন্নয়ন প্রকল্প ও আপদকালীন কার্যক্রম পরিদর্শন। | সভায় প্রকল্প পরিদর্শন সংক্রান্ত বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। সভায় সকল প্রকল্প সাইটে রেজিস্টার সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) জেলাভিত্তিক যে সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা সংশ্লিষ্ট জেলার চলমান ও সমাপ্ত প্রকল্পসহ অন্যান্য প্রকল্পসমূহ পরিদর্শন করেননি তারা ৩০/০৪/২০২৪ তারিখের মধ্যে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন।<br>(খ) বাপাউবোর উর্দ্ধতন কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ের সকল প্রকল্পসহ অফিস পরিদর্শন করে মহাপরিচালক বাপাউবোর নিকট প্রতিবেদন দাখিল অব্যাহত রাখতে হবে এবং প্রতিবেদনের অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ক) সংশ্লিষ্ট কম<br>এবং (পরিবীক্ষ<br>বাস্তবায়ন শা<br>(খ) মহাপরিচাল<br>বাপাউবো।<br>(গ) বাজেট শা<br>পাসম ও<br>মহপরিচাল<br>বাপাউবো।<br>(ঘ) বাজেট শা<br>পাসম ও<br>মহাপরিচাল<br>বাপাউবো।<br>(ঙ) পরিবীক্ষ<br>বাস্তবায়ন এ<br>মহাপরিচাল<br>বাপাউবো। |
| ১৩. | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বাপাউবোর মাঠ পর্যায়ে অফিস ক্যাম্পাসের অব্যবহৃত জমির ব্যবহার। | সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বাপাউবোর মাঠ পর্যায়ে অফিস ক্যাম্পাসের অব্যবহৃত জমি যাতে অনাবাদী না থাকে সেজন্য অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপনের নির্দেশনা প্রদান করা হয়। সভায় জানানো হয় অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য পূর্ববর্তী বছরের ন্যায় এ বছরও মাঠ পর্যায়ের ০৩(তিন)টি অফিস-কে পুরস্কার প্রদান করার নির্দেশনা প্রদান করা হয়। | (ক) বৃক্ষরোপণ কার্যক্রম অব্যাহত রাখা এবং যথাযথ পরিচর্যার নিশ্চিত করতে হবে।<br>(খ) অব্যবহৃত জমিতে ফল-ফলাদি, মৌসুমভিত্তিক শাকসবজি রোপনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য এ বছর ০৩(তিন)টি অফিস-কে পুরস্কার প্রদান করতে হবে। | প্রশাসন অধিশ<br>পরিবীক্ষণ ও বাস্ত<br>শাখা।<br>মহাপরিচাল<br>বাপাউবো। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র এবং নদী গবেষণা ইনস্টিটিউটের অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ। | (ক) সভায় যেসব জেলায়/এলাকায় বাসা ভাড়া বেশি এবং বাপাউবোর কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি বাসায় উঠতে আগ্রহী সেসকল এলাকা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রণয়ন এবং দাখিলকৃত ডিপিপি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) সভায় পর্যটন এলাকার পানি উন্নয়ন বোর্ডের রেস্ট হাউসগুলো আধুনিকায়ন এবং ব্যবস্থাপনায় তথ্যপ্রযুক্তির ব্যবহার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) সভায় রেস্ট হাউসগুলোর ভাড়া পুন: নির্ধারণ করে আগামী সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর বেদখলকৃত Rest House ভবন এর তালিকা এবং কারা দখল করেছে, কবে থেকে দখল করা হয়েছে তার বিস্তারিত তালিকা পুনরায় যাচাই করে উক্ত Rest House গুলো উদ্ধারের সুস্পষ্ট প্রস্তাব প্রেরণের জন্য বাপাউবো-কে নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঙ) সভায় নদী গবেষণা ইনস্টিটিউটের ক্যাম্পাসের অব্যবহৃত জমিতে কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণের জন্য দাখিলকৃত ডিপিপির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) যেসব জেলায়/এলাকায় বাসা ভাড়া বেশি এবং বাপাউবোর কর্মকর্তা/কর্মচারীগণ সরকারি বাসায় উঠতে আগ্রহী সেসকল এলাকা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রণয়ন এবং দাখিলকৃত ডিপিপি দ্রুত অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) পর্যটন এলাকাসহ পানি উন্নয়ন বোর্ডের রেস্ট হাউসগুলো আধুনিকায়ন এবং ব্যবস্থাপনায় তথ্যপ্রযুক্তির ব্যবহার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) পানি উন্নয়ন বোর্ডের রেস্ট হাউসগুলোর ভাড়া পরীক্ষা নিরীক্ষা করে পুন: নির্ধারণপূর্বক ভায় রেস্ট হাউসগুলোর ভাড়া পুন: নির্ধারণ করে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>(ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর বেদখলকৃত Rest House ভবন এর যাচাইকৃত তালিকা পুনগঠন এবং কারা দখল করেছে, কবে থেকে দখল করা হয়েছে তার বিস্তারিত তথ্য সম্বলিত তালিকাসহ উদ্ধারের সুস্পষ্ট প্রস্তাব প্রেরণে করতে হবে।<br>(ঙ) নদী গবেষণা ইনস্টিটিউটের ক্যাম্পাসের অব্যবহৃত জমিতে কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণের জন্য দাখিলকৃত ডিপিপির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাপাউবো, নগ<br>পরিকল্পনা উ<br>পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | অডিট | (ক) সভায় মাঠ পর্যায়ের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণ তাদের কর্মকালীন সময় এবং পূর্বতন তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণের সময়ের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) সভায় জানানো হয় যে, গত মাসে অতিরিক্ত সচিব (প্রশাসন) এঁর সভাপতিত্বে অডিট আপত্তিসমূহ নিয়ে সভা হয়েছে।<br>(গ) বিগত ১০ বছরের অডিট আপত্তির হলনাগাদ তথ্য যাচাই করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>(ঘ) ত্রিপক্ষীয় সভার কার্যবিবরণী দ্রুত প্রস্তুত এবং প্রতিমাসে নূন্যতম ২টি ত্রিপক্ষীয় সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক) মাঠ পর্যায়ের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণ তাদের কর্মকালীন সময় এবং পূর্বতন তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলীগণের সময়ের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন।<br>(খ) অডিট আপত্তি নিষ্পত্তি ত্বরান্বিত করার জন্য প্রতিমাসে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভা করবেন।<br>(গ) বিগত ১০ বছরের যে সকল অডিট আপত্তি হয়েছে তার হালনাগাদ তথ্য চেয়ে মহাপরিচালক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-কে পত্র প্রেরণ করতে হবে।<br>(ঘ) ত্রিপক্ষীয় সভার কার্যবিবরণী দ্রুত প্রস্তুত এবং প্রতিমাসে নূন্যতম ২টি ত্রিপক্ষীয় সভা করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | অডিট শাখ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | সংস্থাসমূহের মামলা সংক্রান্ত। | (ক) সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) যেসব মামলায় সংস্থার সরাসরি দায় নেই সেসব মামলাগুলো আলাদা করার নির্দেশনা দেওয়া হয়।<br>(গ) মামলাসমূহের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন যথারীতি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) সভায় জেলাভিত্তিক মামলাসমূহ মনিটরিং নিশ্চিতকরণের জন্য বাপাউবো হতে প্রতি জেলার জন্য ০১(এক) জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঙ) সভায় জানানো হয় যে, আদালত অবমাননা রয়েছে এমন মামলাগুলো যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে সর্বোচ্চ আপীল করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(চ) সভায় জমির মালিকানা সংক্রান্ত মামলাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিষ্পত্তি নির্দেশনা প্রদান করা হয়।<br>(ছ) সভায় সরকারি স্বার্থ সংক্রান্ত বিষয়ে আদালত কর্তৃক বিপক্ষে রায় হলে দ্রুত আপিল দায়ের এবং কেন বিপক্ষে হয়েছে সে বিষয়ে লিখিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(জ) সভায় মামলার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সরকারি স্বার্থ রক্ষায় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে বাস্তবতার নিরিখে বাপাউবোর আইন বিভাগের জনবল বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়। প্রয়োজনে অন্য দপ্তর হতে সংযুক্তি করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঝ) সভায় সকল মামলার বিষয়গুলো আলাদা করে অগ্রাধিকার নির্ধারণ করে দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঞ) সভায় একই বিষয়ে নিম্ন ও উচ্চ আদালতে চলমান মামলা রিভিউ অবস্থায় থাকলে আবেদন করে একই আদালতে অর্থাৎ উচ্চ আদালতে শুনানীর জন্য নিয়ে আসার নির্দেশনা প্রদান করা হয়। | (ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মামলাগুলো কোন পর্যায়ের রয়েছে তা জানাতে হবে। যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) যেসব মামলায় সংস্থার সরাসরি দায় নেই সেসব মামলাগুলো আলাদা করতে হবে।<br>(গ) মামলাসমূহের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন যথারীতি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>(ঘ) জেলাভিত্তিক মামলাসমূহ মনিটরিং নিশ্চিতকরণের জন্য বাপাউবো হতে প্রতি জেলার জন্য ০১(এক) জন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করতে হবে।<br>(ঙ) আদালত অবমাননা রয়েছে এমন মামলাগুলো যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে সর্বোচ্চ আপীল করতে হবে।<br>(চ) জমির মালিকানা সংক্রান্ত মামলাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিষ্পত্তি করতে হবে।<br>(ছ) সরকারি স্বার্থ সংক্রান্ত বিষয়ে আদালত কর্তৃক বিপক্ষে রায় হলে দ্রুত আপিল দায়ের এবং কেন বিপক্ষে হয়েছে সে বিষয়ে লিখিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(জ) মামলার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় সরকারি স্বার্থ রক্ষায় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে বাস্তবতার নিরিখে বাপাউবোর আইন বিভাগের জনবল বৃদ্ধি এবং প্রয়োজনে অন্য দপ্তর হতে সংযুক্তি প্রদান করতে হবে।<br>(ঝ) সকল মামলার বিষয়গুলো আলাদা করে অগ্রাধিকার নির্ধারণ করে দাখিল করতে হবে।<br>(ঞ) একই বিষয়ে নিম্ন ও উচ্চ আদালতে চলমান মামলা রিভিউ অবস্থায় থাকলে আবেদন করে একই আদালতে অর্থাৎ উচ্চ আদালতে শুনানীর জন্য নিয়ে আসতে হবে। | মহাপরিচাল<br>বাপাউবো, নগ<br>বাহাজউঅ, ওয়া<br>আইন শাখা/ বা<br>শাখা পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য প্রদান। | সভায় সংস্থাসমূহের বিভাগীয় মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বাপাউবো এবং নগইর অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তাদের তদন্ত প্রতিবেদন প্রদানে দীর্ঘ সূত্রিতার বিষয়ে চাকরি প্রবিধানমালা অনুযায়ী জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, বিভাগীয় মামলার বিষয়ে হাইকোর্টে আপিল করা হলে সেগুলোর তথ্য আলাদাভাবে সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাসমূহের বিভাগীয় মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বাপাউবো এবং নগইর অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তাদের তদন্ত প্রতিবেদন প্রদানে দীর্ঘ সূত্রিতার বিষয়ে চাকরি প্রবিধানমালা অনুযায়ী জরুরি ভিত্তিতে সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন।<br>(খ) বিভাগীয় মামলার বিষয়ে হাইকোর্টে আপিল করা হলে সেগুলোর তথ্য আলাদাভাবে সভায় উপস্থাপন করতে হবে। | সকল সংস্থা প্রধা<br>আইন শাখা, পাস |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ী ব্যবহার/হস্তান্তর। | (ক) সভায় উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধিমোতাবেক দ্রুত টি. ও. এন্ড. ই তে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) সভায় বিগত অর্থ বছরের সমাপ্ত প্রকল্পের গাড়ী ও অফিস সরঞ্জামাদি যথাযথভাবে ব্যবহার/হস্তান্তরের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) সভায় গাড়ি, মোটরসাইকেলসহ সকল অস্থায়ী সম্পত্তি যথাযথ রেকর্ড অর্থাৎ Stock রেজিস্টার মেইন্টেইন করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) সভায় অচল গাড়িসমূহ নিলাম প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে একটি Condemation কমিটি গঠন এবং উক্ত কমিটির সভা করে দ্রুত অচল গাড়িসমূহ নিলামের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঙ) বিভিন্ন সংস্থার অচল গাড়ী/জানমাল/অফিস সরঞ্জামাদী নিলাম কার্যক্রম বিধি অনুযায়ী সহজতর ও দ্রুত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র ও বিদ্যমান কমিটি পর্যালোচনা করে স্ব স্ব প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ীবিধিমোতাবেক হস্তান্তর/ দ্রুত টি.ও. এন্ড. ই তে অর্ন্তভুক্ত করার বিষয়ে বাপাউবো জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্যসহ প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) ৩০/০৬/২০২৩ তারিখের সমাপ্ত প্রকল্পসমূহের গাড়ী ও অফিস সরঞ্জামাদী বিগত ৩১/০৮/২০২৩ তারিখে যথাযথভাবে ব্যবহার/হস্তান্তরের অনুমতি গ্রহণের প্রমাণক আবশ্যিকভাবে আগামী সমন্বয় সভার পূর্বেই দাখিল করতে হবে এবং ৩১/১২/২০২৩ তারিখে সমাপ্ত প্রকল্পসমূহের গাড়ী ও অফিস সরঞ্জামাদী হস্তান্তর/ব্যবহারের অনুমতির প্রমাণক আগামী ২৯/০২/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) গাড়ি, মোটরসাইকেলসহ সকল অস্থায়ী সম্পত্তি যথাযথ রেকর্ড অর্থাৎ Stock রেজিস্টার মেইন্টেইন করতে হবে এবং Stock রেজিস্টার সমন্বয় সভায় উপস্থাপন করবেন।<br>(ঘ) অচল গাড়িসমূহ নিলাম প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে একটি Condemation কমিটি গঠন এবং উক্ত কমিটির সভা করে দ্রুত অচল গাড়িসমূহ পর্যায়ক্রমে নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) বিভিন্ন সংস্থার অচল গাড়ী/জানমাল/অফিস সরঞ্জামাদী নিলাম কার্যক্রম বিধি অনুযায়ী সহজতর ও দ্রুত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র ও বিদ্যমান কমিটি পর্যালোচনা করে স্ব স্ব প্রস্তাব প্রেরণ করবে। | সংশ্লিষ্ট সকল সং<br>এবং উন্নয়ন ও<br>পরিকল্পনা উইং,<br>প্রশাসন-১ শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত। | (ক) সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ সকল সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে। ওয়েবসাইট দ্রুততর সময়ের মধ্যে ন্যাশনাল ওয়েব পোর্টাল এর সাথে সংযুক্তসহ হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়। বিষয়টি যুগ্মসচিব (উন্নয়ন-১) মনিটরিং করবেন।<br>(খ) সভায় সাইবারহুমকি মোকাবেলায় সকল সংস্থা/দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পিরিয়ডভিত্তিক সফটওয়্যার টেস্ট করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) সভায় সাইবার হুমকি বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং প্রত্যেক দপ্তর/সংস্থায় Security Management Plan তৈরির নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) সভায় নতুন সফটওয়্যার তৈরির ক্ষেত্রে Bangladesh National Digital architecture (BNDA) এর গাইড লাইন অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) বিভিন্ন সংস্থার ওয়েবসাইটে প্রকাশিত তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে। বাপাউবোর ওয়েবসাইট দ্রুততর সময়ের মধ্যে ন্যাশনাল ওয়েব পোর্টাল এর সাথে সংযুক্ত করতে হবে। ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়টি যুগ্মসচিব (উন্নয়ন-১)-কে মনিটরিং করতে হবে।<br>(খ) সাইবার হুমকি মোকাবেলায় সকল সংস্থা/দপ্তর পিরিয়ডভিত্তিক সফটওয়্যার টেস্ট করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) সাইবার হুমকি বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং প্রত্যেক দপ্তর/সংস্থায় Security Management Plan তৈরি করতে হবে।<br>(ঘ) নতুন সফটওয়্যার তৈরির ক্ষেত্রে BNDA এর গাইড লাইন অনুসরণ করতে হবে। | সকল সংস্থা প্রধান উন্নয়ন ও পরিব অনুবিভাগ। |
| ২০. | বিবিধ | | | |
| | (ক) বিদ্যুৎ ও এসি ব্যবহার। | সভায় বিদ্যুৎ ও এসি ব্যবহারে মন্ত্রণালয় ও সকল সংস্থাকে অধিকতর সাশ্রয়ী হওয়ার নির্দেশনা প্রদান করা হয়। | বিদ্যুৎ ও এসি ব্যবহারে মন্ত্রণালয় ও সকল সংস্থাকে অধিকতর সাশ্রয়ী হতে হবে এবং তুলনামূলক বিদ্যুৎ সাশ্রয়ের প্রমাণক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, |
| | (খ) প্রকল্প সমাপ্তি। | সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন ২০২৪ এ সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ সমাপ্তি নিশ্চিত করণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন ২০২৪ এ সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহ সমাপ্তি নিশ্চিত করণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, |
| | (গ) বাপাউবোর জমি সংক্রান্ত তথ্য। | (ক) সভায় পানি উন্নয়ন বোর্ডের জেলাভিত্তিক জমি সংক্রান্ত তথ্য যাচাই করে নির্ধারিত ছক আকারে মন্ত্রণালয়ে প্রেরণ এবং জমির ডাটাবেজ তৈরি করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোডের নামে অধিগ্রহণকৃত জমি ব্যক্তিগত নামে লীজ প্রদানের আইনগত দিক পুন: পর্যালোচনা করে ব্যক্তিগত লীজ প্রদান নিরুৎসাহিত করার নির্দেশনা প্রদান করা হয়। | (ক) পানি উন্নয়ন বোর্ডের জেলাভিত্তিক জমি সংক্রান্ত তথ্য যাচাই করে নির্ধারিত ছক আকারে মন্ত্রণালয়ে প্রেরণ এবং জমির ডাটাবেজ তৈরি করতে হবে।<br>(খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোডের নামে অধিগ্রহণকৃত জমি ব্যক্তিগত নামে লীজ প্রদানের আইনগত দিক পুন: পর্যালোচনা করে ব্যক্তিগত লীজ প্রদান নিরুৎসাহিত করতে হবে। | বাপাউবো। |
| | (ঘ) মন্ত্রণালয়ের অফিস পরিদর্শন। | সভায় জানানো হয় যে, সচিবালয় নির্দেশমালার অনুচ্ছেদ ১৫৩ অনুযায়ী প্রত্যেক শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতি দুই মাসে একবার, উপসচিব প্রতি চার মাসে একবার এবং যুগ্মসচিব অথবা সচিব পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণ যুক্তিসঙ্গত সময় অন্তর অন্তর শাখা পরিদর্শন করবেন মর্মে নির্দেশনা রয়েছে। | সচিবালয় নির্দেশমালা অনুচ্ছেদ ১৫৩ অনুযায়ী শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রশাসন-২ শাখার প্রেরণ করতে হবে। | সকল কর্মকর্তা পাসম। |
| | (ঙ) বাপাউবোর কর্মকর্তাদের অফিসিয়াল মোবাইল ফোন ব্যবহার। | সভায় বাপাউবোর সকল কর্মকর্তাগণের অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহারের বিষয়টি কঠোরভাবে নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। | বাপাউবোর সকল কর্মকর্তাগণের অফিসিয়াল মোবাইল ফোন নম্বর ব্যবহারের বিষয়টি কঠোরভাবে নিশ্চিত করতে হবে। | বাপাউবো। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান

সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.২৪৬

তারিখ: ২১ চৈত্র ১৪৩০

০৪ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিলের অনুরোধসহ।

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট

৫) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ

৬) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) উপসচিব, পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা-১, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

১১) সিনিয়র সহকারী সচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি সেল, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

সুজিত হাওলাদার

উপসচিব